

এবার ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগ

অনলাইন ডেক্স

১৫ আগস্ট,
২০২৪ ১৬:৪৯

শেয়ার

অ +

অ -



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) অধ্যাপক ড. মুহাম্মদ আবদুর রশীদ পদত্যাগ করেছেন। পরে তিনি
ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইসলামিক স্টাডিজ বিভাগে যোগদানের জন্য আবেদন করেছেন।

বৃহস্পতিবার (১৫ আগস্ট) সকালে তিনি শিক্ষা মন্ত্রণালয়ের সচিব বরাবর পদত্যাগপত্র পাঠিয়েছেন।

ড. আবদুর রশীদ বলেন, ‘আজ সকালে শিক্ষাসচিব বরাবরে আমি পদত্যাগপত্র পাঠ্ঠয়েছি এবং নিজের বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগে যোগদান করেছি।

,

তিনি আরো বলেন, ‘আমি অসুস্থ। পাশাপাশি শিক্ষক-শিক্ষার্থীরা যদি আমাকে না চান, তাহলে পদে থাকার মানে হয় না। তাই আমি নিয়ম মেনে পদত্যাগ করেছি।’

এর আগে গতকাল বুধবার পর্যন্ত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দাবির মুখে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ১৯ জন উপাচার্য (ভিসি) পদত্যাগ করেছেন।

সর্বশেষ গতকাল বুধবার ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৌমিত্র শেখর এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) ভিসি অধ্যাপক মোহাম্মদ রফিকুল আলম পদত্যাগ করেছেন।

এ ছাড়া পদত্যাগ করেছেন স্বায়ত্ত্বাসিত চার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা। তারা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ এস এম মাকসুদ কামাল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আবু তাহের, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. নূরুল আলম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গোলাম সাবির সাত্তার।

